মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে হেরে গেলেন কুড়ালগাছির মায়া

ঢাকা উত্তরা দিয়াবাড়ি মাইলস্টোন স্কুল এন্ড কলেজে মর্মান্তিক বিমান দুর্ঘটনায় তিনদিন মৃত্যর সাথে পান্জা লড়ে হেরে গেলেন কুড়ালগাছির মায়া।

গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪ টার দিকে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় মারা যায় ৮ম শ্রেনীর ছাত্রী মাহিয়া তাসনিম ওরফে মায়া (১৩)।

মায়া দর্শনা থানার কুড়ালগাছি ইউনিয়নের মৃত ইন্জিনিয়ার মোহাম্মদ আলীর মেজো মেয়ে। মৃত মায়ার পরিবারের সাথে ঢাকা উত্তরা ১৮ নং এ বসবাস করত।

গত মঙ্গলবার দুপুর ১ টা১০ মিনিটের দিকে প্রশিক্ষণ বিমান এসে মাইলস্টোন স্কুলের উপর এসে পড়লে মূহুর্তের মধ্যে আগুন ধরে সারা শরীল ঝলসে যায়।

তিনদিন চিকিৎসা শেষে গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪ টার দিকে তার করুণ মৃত্য হয়। মাহিয়া তাসনিম ওরফে মায়ার জনাযা অনুষ্টিত হবে আজ শুক্রবার সকাল ৮ টার দিকে মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামে।

কুড়ালগাছির চণ্ডিপুরে অবৈধভাবে সার বিক্রির অভিযোগ

দামুড়হুদা উপজেলার চন্ডিপুর বাজারে উজ্জ্বল ট্রেডাসের মালিক উজ্জ্বলের বিরুদ্ধে সার বিক্রির বৈধ লাইসেন্স ছাড়াই রাসায়নিক সার বিক্রির অভিযোগ উঠেছে। কোনো প্রকারের লাইসেন্স ছাড়াই এসব রাসায়নিক সার বিক্রি করলেও অজানা কারণে প্রশাসন ও কৃষি বিভাগ

রয়েছে নীরব ভূমিকায়।

কৃষকদের অভিযোগে জানা গেছে, দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের চন্ডিপুর বাজারে রাসায়নিক সার বিক্রির বৈধ কোনো অনুমতি না থাকা সত্ত্বেও উজ্জ্বল ট্রেডাসের মালিক উজ্জ্বল হোসেন দীর্ঘ দিন যাবত সার বিক্রি করে আসছেন। লাইসেন্স ছাড়া সার বিক্রিসহ তার বিরুদ্ধে রাসায়নিক সার সরকার নির্ধারিত মূল্যর চাইতে বেশী মূল্যে বিক্রির অভিযোগও রয়েছে । এছাড়াও তিনি কোন কৃষককে সার বিক্রির মেমোও দিতে চান না। আর যদি কোন কৃষককে মেমো দিলেও সারের পরিমান ও দাম উল্লেখ করেন না।

এ বিষয়ে উজ্জ্বল ট্রেডাসের মালিক উজ্জ্বল হোসেন বলেন, সার বিক্রির আমার কোনো বৈধ লাইসেন্স নেই। শুধু আমারই না অনেকেই বৈধ লাইসেন্স নেই। তবে লাইসেন্সের জন্য আবেদন করেছি।

দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান বলেন, ‘আমরা বিষয়টি দেখবো।’

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা সানজিদা বেগম বলেন, লাইসেন্স ছাড়া কেউ সার বিক্রি করতে পারে না। যদি কেউ লাইসেন্স ছাড়া সার বিক্রি করে থাকেন তা আইন বহির্ভূত। অবৈধভাবে সার বিক্রির বিষয়টি আমরা নিয়ন্ত্রণের চেষ্টা করছি। তবে কৃত্রিম সংকট দেখিয়ে বেশি দামে সার বিক্রি করলে কাউকেই ছাড় দেয়া হবে না

দর্শনায় গাজাসহ একজন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ১ কেজি গাজাসহ আনিছুর রহমান (৪৪) কে গ্রেফতার করেছে।

শুক্রবার বেলা ১২ টার দিকে অভিযান চালায় কুড়ালগাছি মাধ্যমিক বিদ্যালয়ের জামাল হোসেনের চায়ের দোকানের সামনে এ অভিযান চালান।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, দর্শনা থানার এসআই(নিঃ) মোঃ হারুন উর রশিদ পিপিএম,এর নেতৃত্বে এএসআই(নিঃ) মোঃ সানোয়ার হোসেন, এএসআই(নিঃ) মোঃ হাসানুল

বান্না সঙ্গীয়ফোর্সসহ দর্শনার কুড়ালগাছি মাধ্যমিক বিদ্যালয়ের কামালের চায়ের দোকানের সামনে অভিযান চালিয়ে তাকে আটক করেন। মাদক আইনে মামলা দিয়ে শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে।

কুড়ুলগাছি চাকুলিয়ায় সর্প দংশনে স্কুল ছাত্রের মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের চাকুলিয়া গ্রামে সর্প দংশনে ৪র্থ শ্রেণির এক ছাত্রের মৃত্যু হয়েছে। নিহত স্কুল ছাত্রের নাম মো: মুজাহিদ হোসেন (১০)।

সে চাকুলিয়া গ্রামের মো: সাইফুল ইসলামের পুত্র। মুজাহিদ মুজিবনগর উপজেলার উপজেলার জয়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণির ছাত্র ছিলো বলে জনাগেছে।

জানাগেছে, গতকাল বুধবার দিনগত রাতে নিজ ঘরে ঘুমে ছিলো। রাত ২ টার দিকে মুজাহিদকে সাপে দংশন করে। এসময় পরিবারের লোকজন বিষয়টি টের পেলে তাকে দ্রুত উদ্ধার করে চিকিৎসার জন্য দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

মুজাহিদ মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামে নানার বাড়িতে বসবাস করতো। বসবাসের সুবাধে সে জয়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়াশোনা করতো। করোনা ভাইরাসের কারনে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারনে সে বাড়িতে এসেছিল।

আজ বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে চাকুলিয়া কবরস্থানে মুসুল্লিদের উপস্থিতিতে মৃতব্যক্তির জানাযা শেষে দাফনকার্য় সম্পন্ন হয়েছে।

চুয়াডাঙ্গায় কর্মহীন মানুষের মাঝে গণমাধ্যম কর্মীর খাবার বিতরণ

‘করোনা যুদ্ধ করবো জয়, বাড়ির বাইরে আর নয়’ স্লোগান নিয়ে চুয়াডাঙ্গায় ব্যক্তিগত উদ্যোগে ১২’শ কর্মহীন মানুষের বাড়ি খাবার পৌঁছে দিয়েছেন ঢাকা থেকে প্রকাশিত আমার সংবাদ পত্রিকার সম্পাদক-প্রকাশক হাশেম রেজা।

সোমবার দুপুরে দামুড়হুদার কুড়ুলগাছি ইউনিয়নের বিভিন্ন গ্রামে গিয়ে এ খাদ্য সামগ্রী বিতরণ করেন তিনি।

হাশেম রেজা বলেন, বাংলাদেশ প্রথম করোনা ভাইরাস শনাক্ত হওয়ার পরই আমি নিজ এলাকায় ফিরে আসি। সাধারণ মানুষের মাঝে করোনা বিষয়ে সচেতনতা বৃদ্ধি করতে লিফলেট, মাস্ক বিতরণ করি। মাইকিং করে করোনা সচেতনতার বার্তা পৌঁছে দিয়ে গ্রামে গ্রামে।

এরই ধারাবাহিকতায় কর্মহীন মানুষের মাঝে খাবার বিতরণে উদ্যোগ নিই।

চুয়াডাঙ্গায় ডগ স্কয়াডে বিজিবি’র অভিযান

চুয়াডাঙ্গার মুন্সিপুরে বিজিবি ডগ স্কয়াড দিয়ে চোরাচালান বিরোধী অভিযান অব্যহত রেখেছে।

শুক্রবার সকাল ৮:৩০ মিনিট থেকে সন্ধা ৬:০০ পর্যন্ত এই চোরাচালান বিরোধী অভিযান চালায় বিজিবি ডগ স্কয়াড।

তবে কাউকে আটক বা অবৈধ কোন কিছি উদ্ধার করতে পারিনি।

মুন্সিপুর বিজিবি ক্যাম্প কমান্ডারের নেতৃত্বে নায়েক শাহ আলম সঙ্গীয়ো ফোর্স নিয়ে কার্পাসডাঙ্গা কবর স্থান মোড়ে এই চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করেন।

তাদের এই চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা দেখে চোরাচালান কারীদের ভিতরে কিছুটা আতংঙ্ক বিরাজ করলেও বিকল্প পথ অবলম্বন করছে তারা।